# Times Today BD

জেলা প্রতিনিধি | ময়মনসিংহ | 25 May, 2025

শেরপুরের ঝিনাইগাতী উপজেলার ৭ইউনিয়নে ২২৯২পরিবার পেলো ভিডব্লিবি'র চাল।শনিবার ও রবিবার স্ব-স্ব ইউনিয়নে এই চাল বিতরণ অনুষ্ঠিত হয়।

ঝিনাইগাতী সদর ইউপি চেয়ারম্যান মো. শাহাদৎ হোসেন এর সভাপতিত্বে উক্ত চাল বিতরণের শুভ উদ্বোধন করেন, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা মো.আশরাফুল আলম। এসময় সমবায় অফিসার রুকুনুজ্জামান, ইউপি  জাহিদুল হক মনির,রকিব বাদশা, জহুরুল হক সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর সুত্রে জানা গেছে, আওয়ামী লীগ সরকার পতনের পর দেশে উদ্বুদ্ধ পরিস্থিতির কারণে ভিডব্লিবি'র কার্ডধারিদের ৬মাস চাল প্রদান বন্ধ ছিলো। পরবর্তীতে বর্তমান সরকার উক্ত চাল প্রদানের নীতিগত সিদ্ধান্ত নেয়ায় উপজেলার ৭টি ইউনিয়নের ২২৯২জন

ভিডব্লিবি'র কার্ডধারিদের মাঝে প্রতি মাসে ৩০কেজি হারে ৬মাসের বরাদ্দ থেকে ২মাসের ৬০কেজি চাল প্রদান করা হয়।ভিডব্লিবি'র কার্ডধারি পরিবারগুলো হচ্ছে,

ঝিনাইগাতী সদরে ৪৩০জন,

কাংশা ইউনিয়নে ৪৩৫জন,

নলকুড়া ইউনিয়নে ৩৫৩জন,

ধানশাইল ইউনিয়নে ৩০৬জন,

গৌরীপুর ইউনিয়নে ২৩০জন,

হাতীবান্ধা ইউনিয়নে ২২৩জন এবং মালিঝিকান্দা ইউনিয়নে ৩১৫জন সহ মোট ২২৯২জন।

উপজেলার ৭টি ইউনিয়নের স্ব-স্ব চেয়ারম্যান, সচিব, ইউপি সদস্য ও ট্যাগ অফিসারগণ উপস্থিত থেকে এসব চাল বিতরণ করেন।বাকি চালগুলো পরবর্তীতে প্রদান করা হবে বলেও জানান, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা মো.আশরাফুল আলম।

এদিকে উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. আশরাফুল আলম রাসেল এসব চাল বিতরণে সার্বিক খোঁজখবর নেয়া সহ সুষ্ট ভাবে চাল বিতরণ করায় সন্তুষ্ট প্রকাশ করেন।

ভিডব্লিউবি চাল হতদরিদ্র

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 29 June, 2025 01:00

URL: https://www.timestodaybd.com/mymensingh/3055092922